

মধুর ক্যান্টিনে সংবাদ সম্মেলন

টাবি হলে সিট বরাদ্দ না পাওয়ায়  
আন্দোলনে নামছে ছাত্রলীগ

কাগজ প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলে ওঠা ছাত্রলীগ নেতাকর্মীদের হল কর্তৃপক্ষ সিট বরাদ্দ না দেওয়ায় আন্দোলনে নামছে ছাত্রলীগ। মধুর ক্যান্টিনে গতকাল বুধবার এক সংবাদ সম্মেলনের মাধ্যমে ছাত্রলীগ এ ঘোষণা দেয়।

সংবাদ সম্মেলনে ছাত্রলীগ নেতৃবৃন্দ বলেন, গত ২৮ সেপ্টেম্বর উপাচার্য অধ্যাপক এস. এম. এ. ফায়েজের সঙ্গে দেখা করে ছাত্রলীগ নেতৃবৃন্দ বিভিন্ন হলের বিতাড়িত নেতাকর্মীদের নিজ নিজ হলে পুনর্বাসনের দাবি জানালে উপাচার্য হলে সহায়ত্বানের আশ্বাস দেন। ছাত্রলীগ নেতৃবৃন্দ বলেন, উপাচার্যের আশ্বাসের পরিশ্রেক্ষিতে ২৯ সেপ্টেম্বর ছাত্রলীগের বিতাড়িত নেতাকর্মীরা নিজ নিজ হলে গঠে। সংবাদ সম্মেলনে ছাত্রলীগ নেতৃবৃন্দ বলেন, উপাচার্যের সাহায্যের প্রতিশ্রুতি সত্ত্বেও কোনো হলেই ছাত্রলীগের নেতাকর্মীদের নামে একটি সিটও বরাদ্দ দেওয়া হয়নি। হলে ওঠা ছাত্রলীগ নেতৃবৃন্দ অসহায়ভাবে হলে জীবনযাপন করছে বলে সংবাদ সম্মেলনে ছাত্রলীগ নেতৃবৃন্দ বলেন।

● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৩

টাবি হলে সিট বরাদ্দ না পাওয়ায়

● শেষের পাতার পর

ছাত্রলীগ নেতৃবৃন্দ বলেন, এ বিষয়ে উপাচার্য এবং হলের প্রক্টরদের কাছে অভিযোগ করলেও এখন পর্যন্ত কোনো ফল পাওয়া যায়নি।

সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, কেবলমাত্র জহুরুল হক হলে একটি রুমে আমাদের নেতাকর্মীরা থাকতে পারছে। ফলে বাধ্য হয়েই আন্দোলনে নামতে হচ্ছে বলে উল্লেখ করেন ছাত্রলীগ নেতৃবৃন্দ। সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ অভিযোগ করেন কয়েকটি হলে ছাত্রলীগ নেতাকর্মীদের মানসিকভাবে হুমরানি করা হচ্ছে।

এদিকে হলে ওঠা ছাত্রলীগ নেতাকর্মীদের সিট বরাদ্দ না দেওয়ার অভিযোগ সম্পর্কে উপাচার্য অধ্যাপক এস. এম. এ. ফায়েজ বলেন, গত এক বছর তারা হলে ছিল না, সেজন্য অনেকের নির্ধারিত সিট হয়তো ব্যক্তিগত হয়ে গিয়েছে। নেতৃবৃন্দকে সিট বরাদ্দের ক্ষেত্রে কিছু সময় লাগবে।

ছাত্রলীগের অভিযোগ সম্পর্কে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক শফিউল বারী বাবু বলেন, আমরা ছাত্রলীগের বন্ধুদের সব সময় হলে স্বাগত জানিয়েছি। প্রত্যেক হলে ওঠা ছাত্রলীগ নেতাকর্মীদের আন্তরিকভাবে গ্রহণ করা হয়েছে বলেও তিনি উল্লেখ করেন। সংবাদ সম্মেলনে ছাত্রলীগ নেতৃবৃন্দ আজকের মধ্যে বিভিন্ন হলে ওঠা ছাত্রলীগ নেতাকর্মীদের সিট বরাদ্দের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে দাবি জানিয়েছেন। সংবাদ সম্মেলনে অনাবাসিকদের বৈতাবাসিকের সুযোগ দান এবং ছাত্রলীগ নেতাকর্মীদের নামে দায়েরকৃত মামলা প্রত্যাহারের দাবি জানানো হয়।

ছাত্রলীগ তাদের দাবির সমর্থনে আজ ক্যাম্পাসে মিছিল-সমাবেশ অনুষ্ঠান এবং আগামী ৫ অক্টোবর উপাচার্যের কাছে স্মারকলিপি প্রদান করবে।

সংবাদ সম্মেলনে ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি দেলোয়ার হোসেন, সাধারণ সম্পাদক হেমায়েতউদ্দীন খান হিমু, সাংগঠনিক সম্পাদক দেবশীঘরায়, মোকতারুল হোসেন মিস্টন, সাঈদ, জসীমউদ্দীন হলের সাধারণ সম্পাদক টিপুসহ বিভিন্ন হল শাখার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।